বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক খবর

তারিখ 16 AUG 1989
পৃষ্ঠা ৬ কলাম

## অন্তঃহীন সমস্যার নিগড়ে

# গোপালপুর কলেজ

।। দীপক ভৌমিক ।।

বনলতা সেন খ্যাত নাটোর গোপালপুর ডিগ্রী কলেজ এক ঐতিহ্যবাহী কলেজ। লালপুর উপজেলার এই কলেজটি বহু বছর ধরে অসংখ্য জ্ঞান পিপাসু ছাত্র-ছাত্রীদের অন্তরে জ্ঞানের আলোক শিখা প্রজ্জ্বলিত করছে। গোপালপুর কলেজ এইচ এস সি পরীক্ষা কেন্দ্রও বটে। লালপুরের অন্য দু'টি কলেজ আব্দুলপুর সরকারী কলেজ এবং লালপুর কলেজের পরীক্ষা কেন্দ্রও এখানেই। প্রতিবছর হাজার হাজার ছাত্র-ছাত্রী এই কেন্দ্র থেকে এইচ এস সি পরীক্ষা দেয়। কিন্তু অতীব দুঃখের বিষয় নাটোরের ঐতিহ্যবাহী এই বিদ্যাপিঠটি আজ অন্তঃহীন সমস্যার নিগড়ে বাঁধা পড়েছে।

### লাইব্রেরী সমস্যা

গোপালপুর কলেজে একটি ছোট্ট লাইব্রেরী আছে। কিন্তু উল্লেখযোগ্য সংখ্যক বই না থাকার জন্যে ছাত্র-ছাত্রীদের প্রচণ্ড অসুবিধা হয়। প্রতিবছর কলেজ কর্তৃপক্ষ বই কেনার জন্যে যে বরাদ্দ পান তা খুবই সামান্য। লাইব্রেরী জ্ঞানের সুতিকাগার। তাই এই ছোট্ট লাইব্রেরীটির উল্লেখযোগ্য উন্নতি সাধন দরকার।

### গবেষণাগার সমস্যা

কলেজের বিজ্ঞানের ছাত্র-ছাত্রীর সংখ্যা আশাপ্রদ। তাছাড়া কেন্দ্রের ব্যবহারিক পরীক্ষার সময় কয়েক'শ ছাত্র-ছাত্রী এই কলেজের গবেষণাগার ব্যবহার করে। কিন্তু উল্লেখযোগ্য সংখ্যক এ্যাপারেটাস না থাকায় ছাত্র-ছাত্রীরা অন্তঃহীন সমস্যার সম্মুখীন হয়

### কমনরুম সমস্যা।

এই কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য একটা ভাঙ্গাচোরা কমনরুম আছে। কিন্তু অদ্যাবধি ছাত্রদের জন্যে কোনো কমনরুম নির্মিত হয়নি। তাছাড়া ছাত্রদের জন্যে কোনো সাইকেল ষ্ট্যান্ড না থাকায় প্রায়ই এখান থেকে সাইকেল চুরি হয়ে যায়। এর আশু প্রতিকারের জন্যে একটা সাইকেলের ষ্ট্যান্ড অবশ্যই দরকার।

এছাড়াও শিক্ষকদের কমনরুমেরও সমস্যা রয়েছে। অদ্যাবধি শিক্ষকদের উপবেশনের জন্যে তেমন কোনো কমনরুমনেই।

আমরা এই কলেজের সার্বিক উন্নতির জন্যে উপরোক্ত সমস্যাসমূহের আশু সমাধান কামনা করি। কারণ এই ঐতিহ্যবাহী কলেজের সার্বিক উন্নতি হলে নাটোরবাসীদের শিক্ষার ক্ষেত্রে এক উল্লেখযোগ্য অগ্রগতি হবে সন্দেহ নেই।